**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**শিক্ষা মন্ত্রণালয়**
**কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ**
**অডিট শাখা-০২**
www.tmed.gov.bd

স্মারক নং -৫৭.০০.০০০০.১৪২.১৬.০৩৬.২২-**১০০**

তারিখঃ ০৯ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ
২২ জুন, ২০২২ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ নওগাঁ জেলার মহাদেব উপজেলাধীন লক্ষীপুর খায়রুল উলুম বহুমুখী ফাজিল মাদ্রাসার পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা কর্তৃক গত ২৬.০২.২০১৬ খ্রি. তারিখে সম্পন্ন হওয়া পরিদর্শন প্রতিবেদনের (মাদ্রাসা কর্তৃক প্রণীত ব্রডশীট জবাব এবং মাদ্রাসা অধিদপ্তর কর্তৃক সুপারিশকৃত) উপর অনুসরণীয় নির্দেশনা।**

সূত্র: (১) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০১০.৪৪.০০৯.২১-১২৯৫; তারিখ: ২৪.০৪.২০২২ খ্রি.
(২) পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের স্মারক নং-ডিআইএ/নওগাঁ/১৯১০-এম/রাজঃ ১৯২০/৭; তারিখ: ১২.১২.২০১৬ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রোস্থ পত্রের প্রেক্ষিতে **নওগাঁ জেলার মহাদেব উপজেলাধীন লক্ষীপুর খায়রুল উলুম বহুমুখী ফাজিল** মাদ্রাসাটি পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা কর্তৃক গত ২৬.০২.২০১৬ খ্রি. তারিখে পরিদর্শন ও নিরীক্ষা হয়। পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনে উত্থাপিত আপত্তিসমূহের প্রেক্ষিতে ব্রডশিটে সুপারের জবাব ও জেলা শিক্ষা অফিসারের মতামতের উপর মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর মন্তব্য পাওয়া গেছে। প্রাপ্ত ব্রডশীট জবাব পর্যালোচনা করে মহাপরিচালকের মন্তব্য অনুযায়ী টিএমইডি'র নির্দেশনা নিয়ে উপস্থাপন করা হলো:

| বিএসআর ক্রমিক নং | ব্রডশিট জবাবের আলোকে উক্ত বিষয়ে টিএমইডি'র (কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের) মন্তব্য | টিএমইডি'র নির্দেশনা |
|---|---|---|
| ১ | প্রশাসনিক মন্তব্য ও সুপারিশ: | -- |
| ১(গ) | স্বীকৃতি: প্রতিষ্ঠানটি স্বীকৃতির মেয়াদ ইতোমধ্যে শেষ হয়েছে (৩০.০৬.২০১৯ খ্রি. তারিখে)। স্বীকৃতি হালনাগাদ নবায়ন রাখা হয়েছে কিনা? সে সম্পর্কিত প্রমাণক টিএমইডিতে প্রেরণের জন্য অধ্যক্ষকে নির্দেশ প্রদান করা হলো এবং পরবর্তী অডিটে এর প্রতিফলন থাকতে হবে। | নির্দেশনা বাস্তবায়ন করে পুনরায় বিএসআর প্রেরণের জন্য অনুরোধ করা হলো। |
| ১(ঘ) | ব্যবস্থাপনা কমিটি সংক্রান্ত তথ্য: ব্যবস্থাপনা কমিটির মেয়াদ ইতোমধ্যে শেষ হয়েছে (১৯.০৯.২০১৮ খ্রি. তারিখে)। পরবর্তী নিয়মিত ব্যবস্থাপনা কমিটি গঠন করা করা হয়েছে কিনা? তার প্রমাণক প্রেরণের জন্য অধ্যক্ষকে নির্দেশ প্রদান করা হলো। | ঐ |
| ২(ক) | প্রতিষ্ঠানের রেকর্ডকৃত জমির পরিমাণ ৫.৬৬৫ একর। তন্মধ্যে প্রতিষ্ঠানের নামে খারিজকৃত ২.২৫ একর এবং খাজনা ১৪২২২ সাল পর্যন্ত পরিশোধ। অবিশষ্ট জমি প্রতিষ্ঠানের নামে খারিজ করে এবং সমস্ত খাজনা পরিশোধ করে প্রমাণক টিএমডিতে প্রেরণের জন্য অধ্যক্ষ ও ব্যবস্থাপনা কমিটিকে নির্দেশনা প্রদান করা হলো। | ঐ |
| ৩(ক) | একাডেমিক মন্তব্য ও সুপারিশ: শিক্ষার্থী সংখ্যা ও মন্তব্য: বিগত ০৪.০২.২০১০ তারিখের জারীকৃত জনবলকাঠামো ২৪.০৩.২০১৩ খ্রি: তারিখ পর্যন্ত সংশোধিত নীতিমালা মোতাবেক প্রতিষ্ঠানটিতে সার্বিকভাবে কাম্য শিক্ষার্থী আছে। শ্রেণি কক্ষে উপস্থিতি শতভাগ নিশ্চিত করার লক্ষ্যে সকল শিক্ষককে প্রচেষ্টা চালাতে হবে। | নির্দেশনা বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো। |
| ৩(খ) | ঝরে পড়ার কারণ চিহ্নিত করে ঝরে পড়ার হার কমিয়ে আনার জন্য প্রতিষ্ঠানের শিক্ষক মন্ডলী, পরিচালনা কমিটি, অভিভাবকদের সমন্বয়ে ঝড়ে পড়ার হার কমিয়ে আমার সর্বাত্মক প্রচেষ্টা অবহ্যাহত থাকবে। নির্দেশনাপূর্বক গৃহীত ব্যবস্থার প্রমাণক টিএমইডিতে প্রেরণ করার অধ্যক্ষকে নির্দেশ প্রদান করা হলো। | ঐ |

চলমান পাতা-০২

| বিএসআর ক্রমিক নং | ব্রডশিট জবাবের আলোকে উক্ত বিষয়ে টিএমইডি'র (কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের) মন্তব্য | টিএমইডি'র নির্দেশনা |
|---|---|---|
| ৩(গ) | একাডেমিক সংক্রান্ত তথ্য ও মন্তব্য: শ্রেণিকক্ষে শিক্ষকদের পাঠদান পর্যবেক্ষণ করা হয়। একাডেমিক উন্নয়নের জন্য নিম্নবর্ণিত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করার জন্য অধ্যক্ষকে নির্দেশপূর্বক বিষয়টি নিশ্চিত করার জন্য ব্যবস্থাপনা কমিটির সকল সদস্যকে অনুরোধ করা হলো।<br>১. শ্রেণি কক্ষে শিক্ষকদের পাঠদান প্রতিষ্ঠান প্রধানকে নিয়মিত পর্যবেক্ষণ করতে হব। (২) প্রতি বছরের প্রথমে বার্ষিক পাঠ পরিকল্পনা প্রণয়ন করে প্রত্যেক শিক্ষার্থীকে সরবরাহ করতে হবে এবং তদানুযায়ী শ্রেণি কক্ষে পাঠদান করতে হবে। নির্ধরিত সময়ের মধ্যে পাঠ পরিকল্পনা সমাপ্ত করতে হবে। (৩) শ্রেণির অপেক্ষাকৃত দূর্বল ও অমনোযোগী শিক্ষার্থী চিহ্নিত করে তাদের বিশেষ পাঠদানের ব্যবস্থা করতে হবে। (৪) প্রতি মাসে শিক্ষক সভা করতে হবে। লেখাপড়ার মান উন্নয়ন করার লক্ষ্যে শিক্ষক সভায় কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে এবং তা ব্যবস্থাপনা কমিটির সভায় পেশ করে বাস্তবায়ন করতে হবে। (৫) বিষয়কভিত্তিক শিক্ষক কর্তৃক প্রণিত প্রশ্ন পত্রের মাধ্যমে প্রতিষ্ঠানের অভ্যন্তরীন পরীক্ষা নিতে হবে। কোন মতেই ক্রয় করা প্রশ্ন পত্রের মাধ্যমে অভ্যন্তরীন পরীক্ষা নেওয়া যাবে না। | নির্দেশনা বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো। |
| ৩(গ)১ | অভ্যন্তরীন পরীক্ষার ফলাফল: অভ্যন্তরীণ পরীক্ষার ফলাফলের গুনগত মানোন্নয়নের প্রচেষ্টা অব্যাহত রাখার জন্য অধ্যক্ষকে নির্দেশ দেয়া যেতে পারে। এ বিষয়ে গৃহীত ব্যবস্থার প্রমাণক টিএমইডিতে প্রেরণ করার অধ্যক্ষকে নির্দেশ প্রদান করা হলো। | ঐ |
| ৩(গ)২ | বোর্ড পরীক্ষার ফলাফল: দাখিল বোর্ড পরীক্ষার ফলাফল সন্তোষজনক। ফলাফলের গুনগত ও সংখ্যাগত মান আরও বৃদ্ধিসহ শ্রেণিকক্ষে ছাত্র/ছাত্রীর বৃদ্ধির প্রচেষ্টা অব্যাহত আছে। | ঐ |
| ৩(গ)৩ | জেডিসি পরীক্ষার ফলাফল: জেডিসি পরীক্ষায় ফলাফল সন্তোষজনক। বোর্ড পরীক্ষার ফলাফলের মান উন্নত করার প্রচেষ্টা অব্যাহত আছে মর্মে উল্লেখ করা হয়েছে। | ঐ |
| ৩(গ)৪ | বৃত্তি পরীক্ষা: বৃত্তি পরীক্ষার তথ্য স্পষ্ট নয়। প্রতি বছর অধিক সংখ্যক পরীক্ষার্থী জুনিয়র বৃত্তি প্রাপ্তির লক্ষ্যে জেডিসি পরীক্ষার্থীদেরকে বিশেষ পাঠদানের ব্যবস্থা করতে হবে। | ঐ |
| ৩(ছ) | সহপাঠ কার্যক্রম: পরিস্কার পরিছন্নতা অভিযান, বৃক্ষরোপন, সামাজিক উন্নয়ন/সচেতনতা বৃদ্ধি, কুইজ, বিতর্ক, ক্রীড়াম্যাগাজিন, দেয়ালিকা প্রকাশ, জাতীয় দিবসসমূহ যথাযথ মর্যাদায় পালন করাসহ সহপাঠ কার্যক্রম আরো গতিশীল করে তথ্য সংরক্ষণ করতে হবে। | ঐ |
| ৪(ক) | ➢ আয়-ব্যয় সংক্রান্ত তথ্য ও মন্তব্য: আয়-ব্যয় সম্পর্কিত কোন তথ্য প্রদান করা হয়নি। শিক্ষকদের সমন্বয়ে ক্রয় কমিটি গঠনপূর্বক যাবতীয় মালামাল ক্রয় কমিটির মাধ্যমে ক্রয় করা হচ্ছে কিনা? এবং ক্রয়কৃত মালামাল স্টক রেজিস্টারে এন্ট্রি করা হচ্ছে কিনা তা টিএমইডিকে প্রমাণকসহ প্রেরণের জন্য অধ্যক্ষকে নির্দেশনা প্রদান করা হলো; এবং<br>➢ প্রতিষ্ঠানের সকল আয় ব্যাংকে জমা হচ্ছে কিনা? এবং এ সংক্রান্ত কমিটির অনুমোদনের সাপেক্ষে ব্যাংক হতে উত্তোলন করা হচ্ছে কিনা:? সে সম্পর্কিত প্রমাণক টিএমইডিতে প্রেরণের জন্য অধ্যক্ষকে নির্দেশনা প্রদান করা হলো। | নির্দেশনা বাস্তবায়ন করে পুনরায় বিএসআর প্রেরণের জন্য অনুরোধ করা হলো। |
| ৪(খ) | ভবিষ্য তহবিল: ভবিষ্য তহবিল চালু নেই। শিক্ষক-কর্মচারীদের নামে পৃথক ব্যাংক হিসাব নম্বরে ভবিষ্যৎ তহবিল চালু করার জন্য নির্দেশ দেয়া যেতে পারে এবং এ বিষয়ে গৃহীত ব্যবস্থার প্রমাণক টিএমইডিতে প্রেরণ নিশ্চিত করার জন্য অধ্যক্ষকে নির্দেশ প্রদান করা হলো। | ঐ |
| ০৫ (ক) | বিবিধঃ<br>মহিলা কোটা: প্রতিষ্ঠানটিতে বর্তমানে ১৯ জন শিক্ষক কর্মরত আছেন। তন্মধ্যে ০৩ জন মহিলা শিক্ষক কর্মরত আছেন। শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র মোতাবেক ২০% হিসেবে ৩.৮০ জন মহিলা শিক্ষক প্রাপ্য। মহিলা কোটা পূরণের জন্য ব্যবস্থাপনা কমিটিকে নির্দেশ প্রদান করা হলো। | ঐ |
| ৫(গ) | ইভটিজিং: ইভটিজিং একটি মারাত্মক সামাজিক ও মানসিক ব্যাধি। শিক্ষক-শিক্ষার্থীসহ সকলের মধ্যে ইভটিজিং এর কুফল সম্পর্কে সম্যক ধারণা ও সচেতনা সৃষ্টি এবং এর বিরুদ্ধে কার্যকর প্রতিরোধ গড়ে তুলতে হবে। | নির্দেশনা অনুসরনের জন্য অনুরোধ করা হলো। |
| ৫ (ঘ) | শিক্ষানীতি ২০১০ বাস্তবায়ন: শিক্ষাই জাতির মেরুদন্ড। ক্ষুধা, দারিদ্র ও দুর্নীতিমুক্ত ডিজিটাল বাংলাদেশ বিনিমার্ণে শিক্ষাই হচ্ছে প্রধান অবলম্বন । আগামী প্রজন্মকে নৈতিক মূল্যবোধ, জাতীয় ঐহিত্য ও মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ করে জ্ঞান প্রযুক্তিতে দক্ষ মানবসম্পদ হিসেবে গড়ে তোলার লক্ষ্যে শিক্ষা নীতি ২০১০ সালে একটি যুগোপযোগী শিক্ষানীতি। এর সফল বাস্তবায়নে শিক্ষকগণের ভূমিকা অনন্য । | ঐ |

চলমান পাতা-০৩

০২. বর্ণিতাবস্থায়, উপরিউক্ত প্রতিষ্ঠান পরিচালনা সংক্রান্ত যাবতীয় একাডেমিক ও আর্থিক বিধি-বিধান সংক্রান্ত নির্দেশনাসমূহ মাদ্রাসা কর্তৃপক্ষ কর্তৃক যথাযথভাবে বাস্তবায়ন/প্রতিপালন করে প্রমাণকসহ BSR আগামী ৩০.০৭.২০২২ খ্রি. তারিখের মধ্যে টিএমইডিতে (মাদ্রাসা অধিদপ্তরের মাধ্যমে) প্রেরণের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে নির্দেশনা প্রদানের জন্য মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরকে অনুরোধ করা হলো; এবং

০৩. একই সাথে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত ব্রডশীটের ও ডিআইএ'র পরিদর্শন প্রতিবেদনের অন্যান্য ক্রমিকে বর্ণিত প্রতিবেদনের বিষয়ে কোন আপত্তি না থাকায় এবং ডিজি, ডিএমই কর্তৃক আপত্তিসমূহ নিষ্পত্তির সুপারিশ ও প্রমাণক থাকায় আপত্তিসমূহ নিষ্পত্তি করা হলো।

22/7/2022

(কাজী আলী রেজা)
সহকারী সচিব (অডিট)
ফোন:০২- ৯৫৭৫২৭২
ই-মেইল: tmedaudit21@gmail.com

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ গার্লস গাইড এসোসিয়েশন
গাইড হাউজ, ৭ম ও ১০ম তলা, নিউ বেইলী, রোড, ঢাকা-১০০০।

**অনুলিপি:** (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো):

০১. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২. সিস্টেম এনালিষ্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইডে প্রকাশের অনুরোধসহ)।
০৩. পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ১৬ আঃ গণি রোড, ঢাকা-১০০০।
০৪. অতিরিক্ত সচিব (অডিট ও আইন) -এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৫. উপসচিব (অডিট ও আইন) -এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৬. অধ্যক্ষ/ব্যবস্থাপনা কমিটি, লক্ষীপুর খায়রুল উলুম বহমুখী ফাজিল মাদ্রাসা, মহাদেবপুর, নওগাঁ।
০৭. অফিস কপি।